

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৯৭

আগরতলা, ০৬ ফেব্রুয়ারি, ২০২৪

দিব্যাঙ্গজনদের আত্মনির্ভর করতে তাদের পাশে দাঁড়াতে হবে : বিদ্যুৎমন্ত্রী

সমাজে যারা পিছিয়ে আছে তাদের সামনের সারিতে নিয়ে আসতে হবে। সবার উন্নয়ন ছাড়া এক ভারত শ্রেষ্ঠ ভারত গঠন করা যাবে না। দিব্যাঙ্গজনদেরও আত্মনির্ভর করতে তাদের পাশে দাঁড়াতে হবে। এই লক্ষ্যকে সামনে রেখে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। আজ বিকালে শিশু উদ্যানে আয়োজিত দিব্য কলা মেলার উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ণ মন্ত্রকের উদ্যোগে শিশু উদ্যানে ৬ দিনব্যাপী এই মেলার আয়োজন করা হয়েছে। বিভিন্ন রাজ্য থেকে দিব্যাঙ্গজন শিল্পীরা তাদের উৎপাদিত পণ্য নিয়ে মেলায় অংশ নিয়েছেন। তাদের উৎপাদিত পণ্য বিপণন ও তাদের উৎসাহ দিতে দেশের বিভিন্ন শহরে এ ধরনের মেলার আয়োজন করা হচ্ছে।

মেলার উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেন, আগে এধরনের মেলার আয়োজনের কথা কেউ চিন্তাও করেননি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চিন্তা ভাবনাতেই এই ধরনের মেলার আয়োজন করা হচ্ছে। আমরা সবসময়ই বলি সবকা সাথ সবকা বিকাশ। কিছু মানুষের উন্নতি হলেই দেশের বিকাশ হবেনা। সব মানুষেরই উন্নতি হতে হবে। বিদ্যুৎমন্ত্রী বলেন, দিব্যাঙ্গজনদের মধ্যে উদ্যোগী, দক্ষ শিল্পী এবং আত্মনির্ভর মানুষ গড়ে তুলতেই এধরনের প্রয়াস। বক্তব্য রাখতে গিয়ে তিনি দিব্যাঙ্গজনদের কল্যাণে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথাও তুলে ধরেন। তিনি আশা প্রকাশ করেন সবার সহযোগিতায় এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা এবং আত্মনির্ভর ভারত গড়ে তোলা সম্ভব হবে।

অনুষ্ঠানে সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিঙ্কু রায় বলেন, নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর বিভিন্ন ক্ষেত্রে দেশে বিরাট পরিবর্তন এসেছে। অনেক বিষয়েই ভারত বিশ্বে শীর্ষস্থানে রয়েছে। তিনি সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরে বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্য এবং দিব্যাঙ্গজনদের কল্যাণে রাজ্য সরকারের বিভিন্ন কর্মসূচির কথা তুলে ধরেন। অনুষ্ঠানে অতিথিগণ নির্বাচিত দিব্যাঙ্গজনদের মধ্যে বিভিন্ন সহায়ক সামগ্রী তুলে দেন। উদ্বোধনী অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন এনডিএফডিসি'র সিএমডি নবীন শাহ। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন এনডিএফডিসি'র এজিএম অরুণ কুমার। উপস্থিত ছিলেন পূর্ত দপ্তরের ডেপুটি কমিশনার অচিন্তম কিলিকদার, এনআইএলডি কলকাতার অধিকর্তা ললিত নারায়ণ, সমাজসেবী রাজীব ঘোষ প্রমুখ।
